যুগান্তর

তারিখ ··· 28-DEC-2002
পৃষ্ঠা - ৭ কলাম - ৪

# জাতীয় শিক্ষা সপ্তাহ আজ শুরু

বাসস

'আত্মনির্ভরশীলতা অর্জনের জন্য শিক্ষা'- এই মূল প্রতিপাদ্যে উদ্বুদ্ধ হয়ে আজ থেকে দেশব্যাপী জাতীয় শিক্ষা সপ্তাহ শুরু হচ্ছে। দিনটি যথাযোগ্য মর্যাদায় পালনে শিক্ষা মন্ত্রণালয় এবং বিভিন্ন আর্থ-সামাজিক সংস্থা ও শিক্ষা প্রতিষ্ঠান ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছে।

শিক্ষা সপ্তাহ উপলক্ষে রাষ্ট্রপতি প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ এক বাণীতে বলেছেন, বিশ্বায়ন প্রক্রিয়ায় শিক্ষা ব্যাপক গুরুত্ব বহন করে।

রাষ্ট্রপতি বলেন, এই প্রতিযোগিতাপূর্ণ বিশ্বে টিকে থাকতে হলে অধিতবিদ্যা এবং প্রায়োগিক দক্ষতার কোন বিকল্প নেই।

শিক্ষা সপ্তাহ উপলক্ষে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া পৃথক এক বাণীতে 'শিক্ষা সপ্তাহ'র সাফল্য কামনা করে বলেন, শিক্ষা মানুষের সুপ্ত প্রতিভা বিকাশ ও তাদের সৃষ্টিশীলতা বৃদ্ধি ছাড়াও বিচক্ষণতা, জ্ঞান এবং বিজ্ঞানের দরোজা খুলে দেয়।

এদিকে শিক্ষা সপ্তাহ উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয় জেলা এবং উপজেলা পর্যায়ে ২৮ ও ২৯ ডিসেম্বর শিক্ষা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতার আয়োজন করবে।

জেলা পর্যায়ে বিভিন্ন বিষয়ে বিজয়ীদের মধ্যে ৩০ ডিসেম্বর বিয়াম মিলনায়তনে এবং ৩১ ডিসেম্বর একই স্থানে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বিয়াম মিলনায়তনে সকাল ৯টায় শিক্ষা সম্মেলন উদ্বোধন করবেন।